রঘুনাথগঞ্জ শাখায়

মাত্র ৭৫৲ টাকায় রেডিও

বাকী টাকা কিস্তিতে দেয়

ইলেকট্রনিকের সকল রকম

ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের

বিশেষ কনশেসন

ধনরাজ পিপাড়া

রঘুনাথগঞ্জ ( সদরঘাট ), মুর্শিদাবাদ



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৮ই মাঘ বুধবার, ১৩৭৩ ইং 1st. Feb. 1967 { ৩৩শ সংখ্যা।





সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও পড়ে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

• ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।




খাস জনতা

কেরোসিন কুকার

বিপুলতা আকারে।

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

খেলা ঘর

স্কুল কলেজের নানাপ্রকার খেলাধুলার সরঞ্জাম, সর্ব্বপ্রকার প্রসাধন সামগ্রী ও চা বিস্কুট পাইবেন।

পরীক্ষা প্রার্থনীয়।

কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর

রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ




স্কুল, কলেজ ও পাঠাগারের

মনের মত ভাল বই

সবচেয়ে সুবিধায় কিনুন।

STUDENTS' FAVOURITE

Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৮ই মাঘ বুধবার সন ১৩৭৩ সাল।

## জন্মদিন ও জন্মদীন

—০—

কালিকাপুর গ্রামের জমিদার শ্যামাদাস চক্রবর্ত্তী। খুব বড় জমিদার না হলেও গ্রামবাসী সব লোকেই তাঁকে ভূস্বামী তাতে ব্রাহ্মণ ব'লে সকলেই খাতির ভক্তি করে। পূর্ব্ব পুরুষের দোতালা বাড়ী, বাগান, পুকুর ইত্যাদি কিছুরই অভাব নাই। নূতন স্বাধীনতায় জমিদারী আর নাই। অন্যান্য সম্পত্তি খাজনা দিয়া ভোগ করেন। শ্যাম বাবুর প্রাসাদের পাশেই এক ঘর দরিদ্র কৃষক বাস করে। নাম তার বক্কেশ্বর। গরীব হ'লে তার পূর্ব্ব পুরুষের ত্যক্ত সম্পত্তি ভোগ করার কিছু থাকে না। পিতৃদেব ছেলের যে নাম রেখেছেন তাও সে যেন ভোগ করার অধিকারী নয়। নাম তার বক্কেশ্বর লোকে বখা বলে ডাকে। জমিদার বাড়ীর ঝি চাকররাও বখা বলে ডাকে। কি করবে সে যদিও শ্যাম বাবুর প্রতিবেশী তবুও কিন্তু তাঁর প্রজা নয়। শ্যাম বাবুর পিতামহ কুলগুরু বামনদাস ভট্টাচার্য্যকে দান করেছিলেন ঐ ভূমি। বক্কেশ্বর বামনদাসের ব্রহ্মোত্তরে বাস করে। জমিদারী ও ব্রহ্মোত্তর সব এখন সরকারের উদরে প্রবেশ করায় শ্যাম বাবু যার প্রজা বক্কেশ্বরও তার প্রজা। বক্কেশ্বর ভারত স্বাধীন হবার পূর্ব্ব হতেই স্বাধীনচেতা। রোজ দিন মজুরীতে যে যেদিন ডাকে তার কাজ করে সন্ধ্যাবেলায় মজুরী মিটিয়ে নিয়ে হাটে জিনিস পত্তর কিনে নিয়ে বাড়ী আসে। কাজে যাবার সময় একখানি কাস্তে নিয়ে যায়। কাজে হ'তে ফিরবার সময় জংলা উলুখড় এক আঁটি কেটে মাথায় নিয়ে বাড়ী আসে। বক্কেশ্বরের বউ রোজ সেই খড় রৌদ্রে দিয়ে শুকিয়ে রাখে। উনন ধরা হয়। তৈলের অভাব হ'লে রাত্রে স্বামী যখন খেতে বসে তখন এক মুঠো এক মুঠো উলুখড় জ্বালিয়ে প্রদীপের অভাব পূরণ করে। এই বউটি খড় জ্বালিয়ে তার আঁধার কুটির আলো করে। বক্কেশ্বর কবি না হ'লেও মুখে মুখে গান তৈরী করে। যদি ভুল হয়েছে কেউ বলে—সঙ্গে সঙ্গে উত্তর দেয় দু' নম্বর কেটে নে। ভুল হ'লে তো গলা কাটার হুকুম নাই নম্বর কাটে।

আজ প্রাক্তন জমিদার শ্যাম বাবুর জন্মদিন। অনেক ধনী বন্ধু এসেছে। সন্ধ্যায় গানের আসর বসবে। বক্কেশ্বর কাজ ক'রে বাড়ী ফিরবার পথে গান করতে করতে পথ চলে। জমিদার বাবুর বাড়ীর পর তার বাড়ী। সে গান ধরেছে—

জানো না সে দিন কবে—
যেদিন ভবের পটোল
তুলতে হবে।
বাবুগিরি জমিদারী ক্ষণেক মধ্যে
সব ফুরাবে—
দুয়ারে হাতী ঘোড়া
সেপাই খাড়া
টাকার তোড়া পড়ে রবে।
কব্জী ঘড়ি হাতে দিয়ে
ঘোড় গাড়ীতে কে চড়িবে ?
শোয়ায়ে দড়ির খাটে
শ্মশান ঘাটে নিয়ে যাবে।

গান শুনে বউ দরজা খুলে দিল। বক্কেশ্বর তাকে রোজ যে প্রশ্ন করে তাই আরম্ভ করলো (১) ধার শোধ করেছ ? (২) ধার দিয়েছ ? (৩) জলে ফেলেছ ? প্রত্যেক প্রশ্নেই বউ সম্মতিসূচক উত্তর দিলে, স্বামী আদেশ করলেন—তবে জ্বালাও সহস্র বাতি, ভোজনে বসুক নরপাত।

শ্যাম বাবুর অতিথিরা এই কুটিরবাসী দরিদ্রের প্রশ্নে বিস্মিত হ'য়ে তাকে ডাকতে অনুরোধ করলেন শ্যাম বাবুকে। আহারান্তে বক্কেশ্বর তাদের মজলিসের কাছে এসে বলিল "বিপ্র চরণে প্রাতঃ প্রণাম।" সন্ধ্যার পর রাত্রিতে প্রাতঃ প্রণাম শুনে হাল ফেসানী বাবুরা হেসে বল্লে প্রাতঃ প্রণাম মানে তো "গুড মর্নিং"; বক্কেশ্বর উত্তর দিলে গুরুদেবকে জিজ্ঞাসা করুন। উনি আমার জমিদার ছিলেন। গুরুদেব বলিলেন বক্কেশ্বর যা জানে তোমরা তা জান না। রাত্রে প্রণাম নিষেধ, কন্যাদান ছাড়া অন্য কোন দান করা বিধি নয়। প্রণাম তো দান অর্থাৎ ভক্তি দান। ব্রাহ্মণ তৎপরিবর্ত্তে আশীর্ব্বাদ করেন "জয়োঽস্তু রাত্রে তিনি বলবেন প্রাতর্জয়োঽস্তু।" হালের বামুনের ছেলেরা বখা যা জানে তাও জানে না বলিয়া লজ্জিত হলেন। শ্যামাদাস বাবু তার বউকে প্রশ্ন যা করে তার মানে বাবুদের শুনাবার জন্য বলায় বক্কেশ্বর উত্তর করলো ধার শোধ করে—বৃদ্ধা মাকে খেতে দেয়। ধার দেয়—ছেলেটাকে খাইয়েছে কি না তাই বলে। ছেলে মা-বাপের বৃদ্ধ বয়সে ঋণ শোধ করে। যদি সে মাল-মার বজ্জাত না হয়। জলে ফেলে দেয়—একটা মাতৃপিতৃহীন ভাগনে আছে সেও আমার ঘাড়ে। ওকে যা দেয় তাই জলে পড়ে। বড় হয়ে বিয়ে করে অন্যত্র চলে যাবে হয়তো যাবার সময় এক কেলেঙ্কারী দিয়ে যাবে বাবা আমার মামাকে ১০০০৲ টাকা দিয়েছিলেন। মামা তা দিলে না। সহস্রবাতি কোথা পাও ? বক্কেশ্বর বল্লে রাত্রে উলুখড় জেলে স্ত্রী আমাকে খেতে দেয়। তেল অভাবে প্রদীপ জ্বলে না। সহস্রবাতি বলি ভয় ক'রে লক্ষবাতি বল্‌লে তবে ঠিক হতো। সকলে বুঝলো বখা নেহাৎ বখা নয়। জন্মদিনে জন্মদীনের তেজ দেখে সকলে অবাক হলেন।

---

## ৮ জন যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত

মুর্শিদাবাদের অতিরিক্ত দায়রা জজ শ্রীবি, এন মৈত্র কান্দী থানার আরাজী-নওদা গ্রামের মনজুর আলি ও আরও ৭ জন আসামীকে দোষী সাব্যস্ত করে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করেছেন।

অভিযোগে প্রকাশ গত বছর ২২শে মে ঐ গ্রামের ইসকান্দার সেখ তার ছেলে গোফুর সেখকে নিয়ে মসজিদে নমাজ পড়তে যাচ্ছিল। আসামীরা লাঠি প্রভৃতি নিয়ে উভয়কে আক্রমণ করে। পিতা-পুত্র প্রাণের ভয়ে এক ডোবায় লাফিয়ে পড়ে। কিন্তু আসামীরা ইসকান্দারকে পিটিয়ে মেরে ফেলে। প্রহারের ফলে গোফুরও জখম হয়।

---

## সাধারণতন্ত্র দিবস

২৬শে জানুয়ারী বৃহস্পতিবার জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ শহরে এবং মহকুমার বিভিন্ন স্থানে সাধারণতন্ত্র দিবস যথারীতি প্রতিপালিত হইয়াছে। জঙ্গিপুর ফৌজদারী আদালত ভবনে মহকুমা শাসক শ্রীনৃসিংহপ্রসাদ বাগচী, আই-এ-এস মহোদয় জাতীয় পতাকা উত্তোলন করেন এবং এন. সি. সি., হোমগার্ড ও পুলিশ বাহিনীর অভিবাদন গ্রহণ করেন। উক্ত সময়ে সরকারী কর্ম্মচারিবৃন্দ ও জনসাধারণ উপস্থিত ছিলেন। সরকারী ও বেসরকারী অফিস সমূহে, সমস্ত বিদ্যালয়ে এবং নাগরিকগণের বাড়ীতে জাতীয় পতাকা উত্তোলিত হয়। রঘুনাথগঞ্জের প্রাইমারী স্কুল সমূহের এবং আইলের-উপর ও গোপালনগর প্রাইমারী স্কুলের ছাত্রছাত্রীগণকে রঘুনাথগঞ্জ ছায়াবাণী সিনেমা হলে সিনেমা দেখান হয়।

---

জঙ্গিপুর উচ্চতর মাধ্যমিক সর্ব্বার্থসাধক বিদ্যালয়ের

## বার্ষিক দৌড় ঝাঁপ প্রতিযোগিতা

গত ২৯শে জানুয়ারী রবিবার জঙ্গিপুর হাই মাদ্রাসার খেলার মাঠে জঙ্গিপুর উচ্চতর মাধ্যমিক সর্ব্বার্থসাধক বিদ্যালয়ের বার্ষিক দৌড় ঝাঁপ প্রতিযোগিতা অনুষ্ঠিত হইয়াছে। জঙ্গিপুর মহাবিদ্যালয়ের অধ্যক্ষ শ্রীজগদানন্দ দত্ত মহাশয় এই অনুষ্ঠানে সভাপতিত্ব ও পুরস্কার বিতরণ করেন। উক্ত মাঠে বহু লোক ও ছাত্রছাত্রীগণ সমবেত হইয়াছিলেন।

---

## কলকাতায় শহীদ তর্পণ

৩০শে জানুয়ারী সোমবার মহাত্মা গান্ধীর তিরোভাবের দিনটি কলকাতা ও শহরতলিতে শহীদ দিবস হিসাবে শ্রদ্ধার সঙ্গে পালিত হয়। বেলা এগারটায় সারা শহরে নীরবতা পালন করা হয়। যানবাহন চলাচলও দু' মিনিটের জন্য স্তব্ধ হয়ে যায়। আকাশবাণী কলকাতার প্রচার অনুষ্ঠান দু' মিনিটের জন্য বন্ধ থাকে। ফোর্ট উইলিয়াম থেকে বেলা এগারটায় সময়-সংকেত ঘোষণা করা হয়।

---

# Excise Department.

# NOTICE

Applications are invited from the intending candidates for settlement of the following Excise shops in the district of Murshidabad for the period upto 31. 3. 67.

1. Country spirit shop at Nagar under Khargram P. S.

2. Country spirit shop at Beniagram (near Ferry ghat) under Farakka P. S.

Persons who desire to be considered for selection of the said shops should apply in writing in the prescribed form which may be seen at the District Excise Office at Berhampore and all Excise Circle Offices at Subdivisional Head quarters, with a Court Fee Stamp worth seventy-five paise to Additional District Magistrate, Murshidabad on or before the 21. 2. 67.

The candidate must possess the following qualifications :—

1. He must be financially solvent to run the shop.

2. He should be in a position to find out a suitable land which should be free from reasonable public objection for establishment of the above shop or shops in the locality.

3. He must be prepared to deposit Advance Security Deposit for the above shops.

Candidates are required to appear before the undersigned for an interview at their own expense at the district Excise Office at Berhampore if and when called for.

The selection will be temporary for a specified period and the undersigned reserves the right for rejection of any application without assigning any reason whatsoever.

Candidates must bring with them all the original certificates and testimonials and other documents in support of their statement as may be recorded in the application, at the time of interview.

Persons who have been convicted by a criminal court of a non-bailable offence or who are in arrears to Government or whose conduct have been found to be unsatisfactory or who have been found guilty or any serious breach of conditions of their licenses are not suitable for selection as licensee.

Sd/- **K. P. Koley,**
for Addl. District Magistrate,
28. 1. 67 Murshidabad.

---

## প্রজাতন্ত্র দিবসে উপাধি লাভ

'আনন্দবাজার পত্রিকার' সম্পাদক শ্রীঅশোককুমার সরকার মহাশয় 'পদ্মভূষণ' উপাধিতে ভূষিত হ'য়েছেন। বাংলা দেশের আরও তিনজন কৃতী-সন্তান সরোদী আলি আকবর খান, সেতারী রবিশঙ্কর এবং সাঁতারু শ্রীমিহির সেনও 'পদ্মভূষণ' উপাধি পেয়েছেন।

---

## ট্রাম চলছে

সুদীর্ঘ ৪৪ দিন বন্ধ থাকার পর গত ২৫শে জানুয়ারী বুধবার হ'তে কলিকাতা শহরে ট্রাম চলাচল আরম্ভ হইয়াছে। চিরাচরিত টিং টিং ঘর ঘর শব্দে শহর মুখরিত করিতেছে। বাসের বাদুড়ঝোলা যাত্রিগণ কিছুটা স্বস্তির নিঃশ্বাস ফেলছেন।

---

## শ্রীরাধা হাসপাতাল থেকে জেলে

চলচ্চিত্রাভিনেতা শ্রী এম আর রাধাকে হত্যা ও আত্মহত্যার চেষ্টার অভিযোগে পুলিশ গ্রেফতার করে। এতদিন তিনি পুলিশ হেফাজতে হাসপাতালে চিকিৎসিত হচ্ছিলেন। আজ তাঁকে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়েছে। পুলিশ পাহারায় তাঁকে সেনট্রাল জেলে নিয়ে যাওয়া হয়েছে।

---





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি. কে, সেনের

**আমলা** কেশ



সি. কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২


---


অম্বলের যম **আরকানা** অম্বলের যম

অম্লশূল, পিত্তশূল, টক-বমি, অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, লিভার ব্যথা ও যাবতীয় পেটবেদনায় আশু ফলপ্রদ সকল সম্ভ্রান্ত ঔষধালয়ে পাইবেন।

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীবনীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


---


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতায় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

**আর্ট ইউনিয়ন**

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬


---


**সব রকমের মোটর গাড়ীর স্পেয়ার পার্টস পেতে হলে একবার জঙ্গীপুর রোড বার্মা শেল পেট্রোল পাম্প সন্নিকটবর্ত্তী**

**চৌধুরী মোটরস্-এ**

আসুন।


---


আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

**পামারি**

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ


---


হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।


---


**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১.০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)